গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

১৮ জ্যৈষ্ঠ ১৪২৩

নং-১৩.০০.০০০০.০১৩.১১.০০৪.১৪-৪৭০ তারিখঃ .......................

০১ জুন ২০১৬

**নিয়োগপত্র**

খাদ্য মন্ত্রণালয়ের ০৭.০১.২০১৫ তারিখের ১৩.০০.০০০০.০১৩.১১.০০৪.১৪.০৮ সংখ্যক স্মারকে জারীকৃত ও প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে রাজস্ব খাতভুক্ত ২০তম গ্রেডের অফিস সহায়ক পদে মুক্তিযোদ্ধা কোটায় নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮২৫০-৮৬৭০-৯১১০-৯৫৭০-১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮১৪০-১৯০৫০-২০০১০/- বেতন স্কেলে নিম্নলিখিত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্রঃ নং | রোল নং | প্রার্থীর নাম | পিতা/স্বামী ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | নিজ জেলা |
|---|---|---|---|---|---|
| ১। | ৩৫২৬ | মোঃ ঝিল্লুর রহমান | পিতা- মোঃ আব্দুল ছোবহান মৃধা<br>মাতা-রেবান বেগম | গ্রাম-পশ্চিম নাজিরপুর, পোঃ- এনপি স্কুল, থানা-মুলাদি, জেলা-বরিশাল | বরিশাল |
| ২। | ১৭২৭ | সুবর্ণা আক্তার | পিতা- মোঃ শাহজাহান মিয়া<br>মাতা-লতিফা আক্তার | গ্রাম-সিকিবাইদ, ডাকঘর- কুড়িপাড়া<br>উপজেলা-ঘাটাইল<br>জেলা- টাংগাইল | টাংগাইল |
| ৩। | ১৭১৮ | ময়না | পিতা-নুরুল হক মুনসী<br>মাতা-ফিরোজা কোম | গ্রাম-কাচনা, ডাকঘর- কাঞ্চনপুর, উপজেলা- মোল্লাহাট, জেলা-বাগেরহাট | বাগেরহাট |

২। **নিয়োগের শর্তাবলিঃ**

১. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। ২(দুই) বছর সন্তোষজনকভাবে শিক্ষানবিশকাল সম্পন্ন শেষে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে বিধি মোতাবেক চাকুরিতে স্থায়ী করা হবে। শিক্ষানবিশকালে তার আচরণ ও কর্মদক্ষতা সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে তাকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করতে পারবে।

২. এ নিয়োগ পুলিশ কর্তৃক প্রাক নিয়োগ বৃত্তান্ত যাচাই সাপেক্ষে প্রদান করা হলো। চাকুরিতে যোগদানের পরপরই নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম পূরণ করে জমা দিতে হবে।

৩. যোগদানকালে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে তার শারীরিক সুস্থতা এবং সরকারি চাকুরি করার উপযুক্ততার স্বপক্ষে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য প্রতিবেদন দাখিল করতে হবে।

৪. পুলিশি তদন্ত প্রতিবেদন ও স্বাস্থ্য প্রতিবেদন সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তাৎক্ষণিক তাকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা হবে।

৫. নিয়োগপ্রাপ্ত ব্যক্তির আবেদনের সাথে দাখিলকৃত সনদ/কাগজপত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই করা হবে। যাচাইকালে দাখিলকৃত সনদ/কাগজপত্রে তথ্যগত গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধিবিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৭. ক্রমিক নং-১ এ বর্ণিত প্রার্থীর মুক্তিযোদ্ধার সনদ প্রত্যয়নপত্রে বর্ণিত নিজ নামের পার্থক্য নিরসণপূর্বক গেজেট সংশোধন করতে হবে।

৮. ক্রমিক নং-২ এ বর্ণিত প্রার্থীর মুক্তিযোদ্ধার প্রত্যয়নকৃত সাময়িক সনদে প্রার্থীর নাম ও পিতার নামের পার্থক্য নিরসন করে গেজেট সংশোধন করতে হবে। সনদ চূড়ান্ত যাচাইয়ে বিরুপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ বাতিল করা হবে। প্রার্থী এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন যে, সনদের চূড়ান্ত প্রত্যয়নে বিরুপ মন্তব্য পাওয়া গেলে তিনি সকল প্রাপ্ত সুবিধাদি ফেরত দিতে বাধ্য থাকিবেন।

৯. ক্রমিক নং-৩ এ বর্ণিত মুক্তিযোদ্ধার সনদ সাময়িক প্রত্যয়ন করা হয়। এ জাতীয় সনদ ও গেজেট জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক যাচাই-বাছাই এর আওতাধীন। যাচাইঅন্তে কোন বিরুপ মন্তব্য পাওয়া গেলে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে। প্রার্থী এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন যে তাঁর কর্তৃক গৃহীত সকল সুবিধাদি তিনি ফেরত দিতে বাধ্য থাকিবেন।

১০. মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়ন পত্রের আলোকে প্রার্থীগণকে একটি অংগীকারনামা প্রদান করতে হবে।

১১. যোগদানের সময় এ নিয়োগপত্রের মুলকপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

১২. নিয়োগপ্রাপ্ত ব্যক্তির জ্যেষ্ঠতা 'নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা ২০১১' অনুযায়ী নির্ধারিত হবে।

১৩. চাকুরিতে যোগদান করার জন্য কোন ভ্রমণভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

৩। উল্লিখিত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ২০/০৬/২০১৬ তারিখের মধ্যে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে উপসচিব (অভ্যন্তরীণ প্রশাসন-১), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিয়োগপত্র জারী করা হলো।

(আবুল কালাম আজাদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০১৫৪
email: admin1@mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০১৩.১১.০০৪.১৪-৪৭০/১(২৫)

১৮ জ্যেষ্ঠ ১৪২৩
তারিখঃ ........................
০১ জুন ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ যুগ্মসচিব, নিরাপত্তা-২। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে চাকুরিতে যোগদানের নিমিত্ত সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব/উপপ্রধান(সকল), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিবের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিভিল সার্জন, সিভিল সার্জন অফিস টাংগাইল/বরিশাল/বাগেরহাট।
১২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. জনাব/বেগম......................................................................................................................
........................................................................................................................................
................।

আবুল কালাম আজাদ
সিনিয়র সহকারী সচিব